# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# Dhaka Customs Agents Association
DCAA
ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942

## নির্বাচন কমিশন কার্যালয়
সিএন্ডএফ ভবন, কুর্মিটোলা, ঢাকা। মোবা:০১৯৬৩-৩৫৫৩৩৩, ০১৭১৫-১৫৯১৯২

Govt. Reg. No.-2960

**HEAD OFFICE & MAILING ADDRESS**
3/C, New Baily Road
Ramna, Dhaka.
Phone: 88 02222225942
PABX: 48312757, 48317328
E-mail: dcaa.2009@gmail.com
Website: www.dcaadhaka.org

**BRANCH OFFICE**

**AIR FREIGHT UNIT OFFICE**
C & F Bhaban
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka-1230
Phone: 8901240

**ASYCUDA WORLD OFFICE**
Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka.
Phone: 8901242, 8901331

**ICD KAMALAPUR OFFICE**
Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Phone: 58311105, 48311584

**SAVAR OFFICE**
DEPZ Customs Station,
Ganakbari, Savar, Dhaka.
Phone: 996689434

**ADAMZEE OFFICE**
Adamzee EPZ Customs Station
Siddirganj, Narayanganj

**PANGAON OFFICE**
Pangaon Custom House
Pangaon, Keraniganj
Dhaka


### ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের কার্যকরী পরিষদের ত্রি-বার্ষিক নির্বাচন (২০২৪-২০২৬)-এ অংশগ্রহণকারী প্রার্থীদের সাথে নির্বাচন কমিশনের মতবিনিময় সভার কার্যবিবরনী

তারিখ ঃ ০৯/০৫/২০২৪ইং

সময় ঃ বিকাল ০৫:০০ ঘটিকা

স্থান ঃ নির্বাচন কমিশন কার্যালয়, সিএন্ডএফ ভবন (৪র্থ তলা), কুর্মিটোলা, ঢাকা।

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের কার্যকরী পরিষদের ত্রি-বার্ষিক নির্বাচন (২০২৪-২০২৬) অনুষ্ঠান সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের নিমিত্তে গত ০৯/০৫/২০২৪ইং তারিখ বিকাল ০৫:০০ ঘটিকায় প্রধান নির্বাচন কমিশনার বীর মুক্তিযোদ্ধা আবদুর রশিদ সরকার এর সভাপতিত্বে এয়ারপোর্টস্থ সিএন্ডএফ ভবনে নির্বাচন কমিশন কার্যালয়ে নির্বাচনে অংশগ্রহণকারী বিভিন্ন প্যানেল এর প্রতিনিধি এবং স্বতন্ত্র প্রার্থীদের সাথে নির্বাচন কমিশনের এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মিজান-লাভলু-বাশার পরিষদের পক্ষে জনাব মোঃ মিজানুর রহমান, জনাব মোঃ মোকলেছুর রহমান লাভলু, জনাব মোঃ খায়রুল বাশার, জনাব মোঃ সেলিম খান ও দেলোয়ার হোসেন দিলু এবং শাহজাহান-পাটওয়ারী-ফারুক পরিষদের পক্ষে জনাব মোঃ শাহজাহান আলী মন্ডল, জনাব মোঃ মোস্তফা হোসেন পাটওয়ারী, জনাব মোঃ ফারুক আলম, জনাব গাজী মুনিবুর রহমান বাচ্চু ও জনাব মোহাম্মদ শাহজাহান ও স্বতন্ত্র সভাপতি পদপ্রার্থী জনাব মোঃ শাহজাহান আলী গোলদার এবং স্বতন্ত্র সাধারণ সম্পাদক পদপ্রার্থী জনাব মোঃ আমিনুল ইসলাম উপস্থিত ছিলেন। সভায় বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর সার্বিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

**সিদ্ধান্ত-০১ ঃ নির্বাচনী বিধিমালার অনুচ্ছেদ-১৩ আংশিক সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্মরূপঃ**

> **"একজন ভোটার প্রতিটি পদের জন্য ০১ (এক)টি করে ভোট প্রদান করতে পারবেন অর্থাৎ সভাপতি পদে ০১টি, সিনিয়র সহ-সভাপতি পদে ০১টি, সহ-সভাপতি পদে ০৩টি, সাধারণ সম্পাদক পদে ০১টি, যুগ্ম সাধারণ সম্পাদক পদে ০২টি, সাংগঠনিক সম্পাদক পদে ০১টি, অর্থ সম্পাদক পদে ০১টি, দপ্তর সম্পাদক পদে ০১টি, যুগ্ম দপ্তর সম্পাদক পদে ০১টি, কাস্টম সম্পাদক পদে ০৩টি, বন্দর সম্পাদক পদে ০৪টি, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে ০১টি, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক পদে ০১টি, প্রশিক্ষণ, তথ্য ও গবেষনা সম্পাদক পদে ০১টি, আইন সম্পাদক পদে ০১টি, সমাজ কল্যাণ সম্পাদক পদে ০১টি এবং নির্বাহী সদস্য পদে ০৫টি সহ একই ব্যালটে সর্বমোট ২৯ (উনত্রিশ)টি ভোট প্রদান করতে পারবেন। Head to Head প্রার্থী ব্যতিত যেসকল পদে একাধিক ভোট রয়েছে, যেমন-সহ-সভাপতি, যুগ্ম সাধারণ সম্পাদক, কাস্টম সম্পাদক, বন্দর সম্পাদক ও নির্বাহী সদস্য এসকল পদে যতগুলো ভোট (সহ-সভাপতি পদে ০৩টি, যুগ্ম সাধারণ সম্পাদক পদে ০২টি, কাস্টম সম্পাদক পদে ০৩টি, বন্দর সম্পাদক পদে ০৪টি এবং নির্বাহী সদস্য পদে ০৫টি) দেয়ার বিধান রয়েছে ততটি ভোট প্রদান করতে হবে। উক্ত সংখ্যার কম অথবা বেশী ভোট প্রদান করা হলে ঐ পদের ভোট বাতিল বলে গণ্য হবে।"**

Print. DT. 05-04-2024 Qty. 6,000 Pcs.

# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# Dhaka Customs Agents Association
ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942


## নির্বাচন কমিশন কার্যালয়


সিএন্ডএফ ভবন, কুর্মিটোলা, ঢাকা। মোবা: ০১৯৬৩-৩৫৫৩৩৩, ০১৭১৫-১৫৯১৯২

Govt. Reg. No.-2960

**HEAD OFFICE & MAILING ADDRESS**
3/C, New Baily Road
Ramna, Dhaka.
Phone: 88 02222225942
PABX: 48312757, 48317328
E-mail: dcaa.2009@gmail.com
Website: www.dcaadhaka.org

**BRANCH OFFICE**

**AIR FREIGHT UNIT OFFICE**
C & F Bhaban
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka-1230
Phone: 8901240

**ASYCUDA WORLD OFFICE**
Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka.
Phone: 8901242, 8901331

**ICD KAMALAPUR OFFICE**
Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Phone: 58311105, 48311584

**SAVAR OFFICE**
DEPZ Customs Station,
Ganakbari, Savar, Dhaka.
Phone: 996689434

**ADAMZEE OFFICE**
Adamzee EPZ Customs Station
Siddirganj, Narayanganj

**PANGAON OFFICE**
Pangaon Custom House
Pangaon, Keraniganj
Dhaka


সিদ্ধান্ত-০২ ঃ ম্যানুয়াল ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করা হবে। উক্ত ভোট মেশিনে গণনা করা হবে। এক্ষেত্রে প্রতি ১০০ ভোট গণনা করে রেজাল্ট সীট দিতে হবে। অতঃপর সমুদয় ভোট গণনা করে চুড়ান্ত রেজাল্ট দিতে হবে। তবে প্যানেলের পক্ষ হতে ম্যানুয়াল গণনা করার ইচ্ছা ব্যক্ত করলে সেক্ষেত্রে দ্বৈবচয়ন পদ্ধতিতে যেকোন বান্ডিলের ভোট যেকোন পদের বা একাধিক পদের ভোট মেশিনে গণনার পরে ম্যানুয়াল গণনা করতে পারবেন।

সিদ্ধান্ত-০৩ ঃ নির্বাচনী বিধিমালার ক্রমিক নং-১৬ আংশিক পরিবর্তন করা হয়, যা নিম্নরূপ :

"প্রতি পরিষদ ০৬ (ছয়) জন পোলিং এজেন্টের পরিবর্তে ১০ (দশ) জন পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন। ভোট চলাকালীন সময়ে প্রত্যেক প্যানেলের পক্ষ থেকে ৩ জনের পরিবর্তে সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন পোলিং এজেন্ট ভোট কেন্দ্রে একত্রে অবস্থান করতে পারবেন। উক্ত সংখ্যার অতিরিক্ত কোন পোলিং এজেন্ট একত্রে ভোট কেন্দ্রে অবস্থান করতে পারবেন না।"

সিদ্ধান্ত-০৪ ঃ নির্বাচনী বিধিমালার ক্রমিক নং-৩২ আংশিক পরিবর্তন করা হয়, যা নিম্নরূপ :

"নির্বাচন কমিশন কার্যালয় অর্থাৎ এয়ারপোর্টস্থ সিএন্ডএফ ভবনের ভিতরে/দেয়ালে কোন ধরনের ব্যানার, ফেস্টুন, পোস্টার লাগাতে পারবেন না। তবে ভবনের সম্মুখে প্রত্যেক প্যানেল ১৫ ফিট × ৫ ফিট সাইজের পরিবর্তে প্রতি প্যানেল একটি কওে ১৫ ফিট × ১০ ফিট সাইজের ব্যানার/ফেস্টুন লাগাতে পারবেন।

সিদ্ধান্ত-০৫ ঃ নির্বাচন কমিশন হতে ভোটার পরিচয়পত্র প্রদান করা হবে। একই সাথে কম্পিউটারাইজড ভোটার স্লিপের মাধ্যমে ভোটারের পরিচয় নিশ্চিত হয়ে ভোট গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ভোটার স্লিপ প্রদানের বিষয়টি উভয় প্যানেলকে পরীক্ষামূলকভাবে দেখানো হবে।

সিদ্ধান্ত-০৬ ঃ বুথ ব্যতিত ভোট কেন্দ্রের ভিতরে সি. সি. ক্যামেরার আওতাভূক্ত থাকবে। কেন্দ্রের অবস্থা ভোট কেন্দ্রের বাহিরে প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করা হবে।

সিদ্ধান্ত-০৭ ঃ ভোট কেন্দ্রে মোবাইল ফোন বহণ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।

সিদ্ধান্ত-০৮ ঃ মাক্স পরিধান করে ভোট কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।

** নির্বাচনী বিধিমালার অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৭/৫/২৪

(বীর মুক্তিযোদ্ধা আবদুর রশিদ সরকার)
প্রধান নির্বাচন কমিশনার
নির্বাচন কমিশন
ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Print. DT. 05-04-2024 Qty. 6,000 Pcs.